

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : ৯৫৩৪২৫৫
ফ্যাক্স: (+৮৮০২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা-৩২/২০০৭/৩৮৬

তারিখ: ২২ ফাল্গুন, ১৪২৭
২৫ ফেব্রুয়ারি, ২০২১

ডীন/পরিচালক/চেয়ারম্যান/দপ্তর প্রধান

..... অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ/দপ্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

বিষয়: কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের জন্য তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৭ জানুয়ারি ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম এর শুভ উদ্বোধন করেন। গত ২৮ জানুয়ারি ৫টি হাসপাতালে প্রাথমিক টিকাদান পর্ব সমাপ্তির পর ০৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ হতে সারাদেশে এই ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু করে।

এ প্রেক্ষিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর জন্য কোভিড-১৯ ভ্যাকসিন পাওয়ার লক্ষ্যে ০৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখে জবি/প্রশা-৩২/২০০৭/২৬২ সংখ্যক স্মারকমূলে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক তথ্য প্রেরণের জন্য নিম্নবর্ণিত ছক অনুযায়ী আপনার অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ/দপ্তরের তথ্য আগামী ০৭ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রম	নাম ও পদবী	জাতীয় পরিচয় পত্রের নম্বর	জন্ম তারিখ	মন্তব্য

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,



(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার।

জবি/প্রশা-৩২/২০০৭/৩৮৬

তারিখ: ২২ ফাল্গুন, ১৪২৭
২৫ ফেব্রুয়ারি, ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক, আইসিটি সেল(ওয়েবসাইটে দেয়ার অনুরোধসহ)/পিআরআইপি, জবি;
২. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা, মেডিকেল সেন্টার, জবি;
৫. সংশ্লিষ্ট নথি/অফিস কপি।


(মোহাম্মদ এমেল হক মোল্লা)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)।